রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৬, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ই আশ্বিন ১৪০২ বাং/২৬শে সেপ্টেম্বর ১৯৯৫ ইং

**এস, আর, ও নং ১৭৩-আইন/৯৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন :—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।**—এই বিধিমালা ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর (কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনষ্টিটিউট বা স্বীকৃত বোর্ড প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী ডিপ্লোমা বা সার্টিফিকেট এর সমমানে শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল ;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার এবং কোন পদে অথবা পদ শ্রেণীতে নিয়োগ করিবার জন্য সরকার হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত কোন পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;



মূল্যঃ টাকা ৩·০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনষ্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা ক্ষেত্রমত শিক্ষা বোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা ইনষ্টিটিউট এবং প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি ইত্যাদি।**—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে ; যথা—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যদি তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না।

৪। সরাসরি Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের এবং কমিশনের আওতা বহির্ভূত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন পদে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশে ডমিসাইল না হন ; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিতে প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না ; যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে।

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তি পূর্ব কার্যকলাপ যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ; এবং

(গ) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষ (Local Authority) এর চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত না করেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি উক্ত পদের জন্য কমিশন বা উপবিধি (১)এ উল্লেখিত কমিটি কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) মেধা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে।

তবে শর্ত থাকে যে, উচ্চতর শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসরূপে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নাই সেইক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসরূপে নিযুক্ত থাকাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল; তবে উপ-বিধির (৪) এরবিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা তাহার কর্মপক্ষ হওয়ার সম্ভাবনা নাই; তবে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদ প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, যে পরীক্ষায় তিনি পাস করেন ও সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ।**—Gazetted and Non-Gazetted Employees (Directorate of Relief and Re-habilitation) Recruitment Rules, 1985 এতদ্দ্বারা রহিত করা হইল।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহা-পরিচালক | .. | বি, সি, এস (প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | |
| ২ | পরিচালক | .. | (ক) ৫০% পদ উপ-পরিচালক ও নির্বাহী প্রকৌশলীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৫০% পদ বি,সি,এস (প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>(১) ফিডার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী<br>(২) ফিডার পদধারী নির্বাহী প্রকৌশলী হইলে তাঁহাকে বি, এস, সি ইঞ্জিনিয়ার ডিগ্রী বা এ, এম, আই, ই, ডিগ্রীধারী হইতে হইবে। |
| ৩ | উপ-পরিচালক | .. | (ক) ৭৫% পদ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং সহকারী পরিচালকের পদ হইতে পদোন্নতির মাধ্যমে তবে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(খ) ২৫% পদ বি, সি, এস (প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে :<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা পদে ৪ (চার) বৎসর অথবা সহকারী পরিচালক পদে ৯ (নয়) বা উভয় পদে যৌথভাবে ৯(নয়) বৎসরের চাকুরী। |
| ৪ | বাজেট এণ্ড একাউন্টস অফিসার | ... | প্রেষণে বদলীর মাধ্যমে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | নির্বাহী প্রকৌশলী | .. | (ক) সহকারী প্রকৌশলী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৬ | প্রোগ্রামার | Computer Personnel (Government and Local Authorities Recruitment Rules, 1985 অনুযায়ী। সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং এস, আর, ও, ১০৪-এল/৮৫/এমই/আর-১আর-৯/৮৪, তারিখ ২৮-০২-৮৫ ইং (দ্রষ্টব্য)। | | |
| ৭ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা। | .. | (ক) ৮০% পদ সহকারী পরিচালক, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা পদের বিপরীতে কর্মরত সাবেক মহকুমা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং ১ম শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ২০% পদ বি, সি, এস (প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে:<br>এক বা একাধিক ফিডার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী অভিজ্ঞতা। তবে উপরোক্ত অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা পাওয়া না গেলে এই বিধিমালা জারীর পর ১ম শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পদে যাহাদের পদোন্নতি হইবে তাঁহাদের মধ্য যাহাদের দ্বিতীয় শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পদসহ উক্ত ১ম শ্রেণীর পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকিবে তাহাদের মধ্য হইতেও শুধুমাত্র এককালীন পদোন্নতি দেওয়া যাইবে। |
| ৮ | সহকারী পরিচালক | .. | (ক) ৪০% পদ নিম্নবর্ণিতদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে (১) হিসাব রক্ষক, (২) ষ্টেনোগ্রাফার, এবং (৩) উচ্চমান সহকারী। | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) হিসাব রক্ষকের ক্ষেত্রে উক্ত পদে সহকারী হিসাব রক্ষক পদে মোট ১০ (দশ) বৎসরের চাকরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৪০% পদ ২য় শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(গ) ২০% পদ বি, সি, এস (প্রশাসন) হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | (খ) ষ্টেনোগ্রাফার বা উচ্চমান সহকারীর ক্ষেত্রে উক্ত পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>(গ) ২য় শ্রেণীর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার ক্ষেত্রে উক্ত পদে ৮ (আট) বৎসরের চাকুরী। |
| ৯ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (১ম শ্রেণী) | .. | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণী) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১০ | সহকারী প্রকৌশলী | .. | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারী প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণী) দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১১ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণী) | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ১ম শ্রেণীর ডিপ্লোমা অথবা ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীর ডিপ্লোমা।<br>তবে শর্ত থাকে যে, এই বিধিমালা জারীর পূর্বে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পদে এডহক ভিত্তিতে নিয়োজিতদের মধ্যে যাহাদের উপরি-উক্ত শিক্ষাগত যোগ্যতা নাই তাহাদের শিক্ষাগত যোগ্যতা একেবারের জন্য শিথিল করিয়া চাকুরীর রেকর্ডের ভিত্তিতে কমিশনের মাধ্যমে তাহাদের নিয়োগ করা যাইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং এস, আর, ও ১০৪-এল/৮৫/এমই/আর-১ আর/৯/৮৪, তারিখ ২৮-০২-৮৫ ইং দ্রষ্টব্য। | | |
| ১৩ | হিসাব রক্ষক | অনূর্ধ ৩২(বত্রিশ) বৎসর | (ক) সহকারী হিসাব রক্ষকের পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: সহকারী হিসাব রক্ষক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | | (খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: বাণিজ্য দ্বিতীয় বিভাগের স্নাতক ডিগ্রী এবং হিসাব রক্ষক কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪ | সহকারী হিসাব রক্ষক | অনূর্ধ (ত্রিশ) বৎসর | (ক) ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৩(তিন) বৎসরের চাকুরী। |
| | | | (খ) পদোন্নতিযোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: হিসাব কাজের বাস্তব অভিজ্ঞতাসহ বাণিজ্য স্নাতক ডিগ্রী। |
| ১৫ | কানুনগো | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | (ক) ড্রাফট্সম্যান পদ হইতে পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| | | | (খ) পদোন্নতিরযোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: স্নাতক ডিগ্রী অথবা সার্ভে ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। |
| ১৬<br>১৭ | ষ্টেনোগ্রাফার<br>ষ্টেনোটাইপিষ্ট | Stenographer and Stenotypist (Ministries, Divisions and Attached Department) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮ | উচ্চমান সহকারী/প্রধান সহকারী (প্রধান কার্যালয় এবং জেলা ত্রাণ ও পুণর্বাসন কার্যালয়)। | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | (ক) ৬৬% পদ নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে: স্নাতক ডিগ্রী। |
| ১৯ | ক্যাশিয়ার | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ২০ | ড্রাফ্ট্সম্যান | .. | সার্ভেয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২১ | ওয়্যারলেস অপারেটর | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরকার অনুমোদিত টি এণ্ড টি ইনষ্টিটিউট হইতে প্রশিক্ষণ সার্টিফিকেট/উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। |
| ২২ | গাড়ী চালক | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ২৩ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | Lower Division Assistant-cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftary, Despach Rider and MLSS (Ministries, Divisions and attached Departments) Recruitment Kules, 1985 অনুযায়ী। | | |
| ২৪ | সার্ভেয়ার | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জরিপে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | ক্রমিক নং ২৩ এর বিপরীতে উল্লেখিত বিধিমালা অনুযায়ী। | | |
| ২৬ | ডেসপাস রাইটার | | | |
| ২৭ | এম, এল, এস, এস | | | |
| ২৮ | দারোয়ান/গার্ড | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস। |
| ২৯ | সুইপার | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাস |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইসলাম উদ্দিন মল্লিক

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।